যুগান্তর

তারিখ ... 2.6 ...
পৃঃ ... 2 ... কলাম ... 2 ...

### শিক্ষা মন্ত্রণালয়ের চিঠি

# গুলশান-বনানী-মহাখালী থেকে শিক্ষাপ্রতিষ্ঠান সরানোর নির্দেশ

যুগান্তর রিপোর্ট

গুলশান, বনানী ও মহাখালীর-আবাসিক ভবন থেকে সবধরনের শিক্ষাপ্রতিষ্ঠান সরিয়ে নেয়ার নির্দেশ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। এ লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে বৃহস্পতিবার ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের (ডিএনসিসি) মেয়র, ঢাকা শিক্ষা বোর্ড এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যানকে চিঠি দেয়া হয়েছে। শিক্ষা মন্ত্রণালয় সূত্র জানিয়েছে, ঢাকা শহরের যানজট সমস্যার কারণ ও প্রতিকারের উপায় অনুসন্ধানে গঠিত স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি গঠিত ২নং সাব-কমিটির প্রতিবেদন বাস্তবায়নের অংশ হিসেবে এই পদক্ষেপ নেয়া হয়েছে। এর আগে স্বরাষ্ট্র মন্ত্রণালয় এই প্রতিবেদন বাস্তবায়নে পদক্ষেপ নিতে শিক্ষা মন্ত্রণালয়কে অনুরোধ জানায়। শিক্ষা মন্ত্রণালয়ের চিঠিতে বলা হয়েছে, ঢাকা শহরের যানজট সমস্যা সমাধানে ১৯টি সুপারিশ করেছে সাব-কমিটি। সুপারিশের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে নির্দেশক্রমে অনুরোধ করা হল। ১০(খ) নম্বর সুপারিশে বলা হয়েছে, গুলশান, বনানী, মহাখালী এলাকার আবাসিক ভবন থেকে অফিস, রেস্তোরাঁ, স্কুল-কলেজ-বিশ্ববিদ্যালয় অন্যত্র সরিয়ে নেয়ার সুপারিশ করা হল। প্রতিবেদনের ১০(ঘ) নম্বর সুপারিশে বলা হয়, ধানমণ্ডি, গুলশান, বনানী, লালমাটিয়া, উত্তরায় অবস্থিত বাংলা ও ইংলিশ মিডিয়াম স্কুল, বেসরকারি বিশ্ববিদ্যালয়, কোচিং সেন্টার ইত্যাদি প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের আসা-যাওয়ায় অসংখ্য গাড়ি ভিড় করায় যানজটের সৃষ্টি হয়।